26

দৈনিক সংবাদ

তারিখ 01 JAN 1996
পৃষ্ঠা ২ কলাম ৪

# আজ জাতীয় গ্রন্থ দিবস

(সাংস্কৃতিক বার্তা পরিবেশক)

আজ সোমবার ১লা জানুয়ারি জাতীয় গ্রন্থ দিবস। একই সাথে আজ থেকে সারাদেশে গ্রন্থ সপ্তাহ পালন করা হবে।

গ্রন্থ সপ্তাহ উপলক্ষে রাজধানীর বিজয় সরণীতে আজ থেকে শুরু হচ্ছে পক্ষকালব্যাপী ঢাকা বইমেলা। আজ সকাল সাড়ে ১১টায় বইমেলা উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া। দেশী-বিদেশী ১২৪টি প্রতিষ্ঠান এবারের বইমেলায় অংশ নিচ্ছে। গ্রন্থ সপ্তাহে সব জেলা শহরেও সপ্তাহব্যাপী বইমেলা শুরু হচ্ছে আজ থেকে। এ উপলক্ষে রাষ্ট্রপতি আবদুর রহমান বিশ্বাস এবং প্রধানমন্ত্রী খালেদা জিয়া পৃথক পৃথক বাণী দিয়েছেন।